# স্বাধীনতা সংগ্রামীর ব্যাঙ্ক অ্যাকাউন্ট থেকে টাকা উধাও

**নিজস্ব সংবাদদাতা, মহিষাদল ঃ** পূর্ব মেদিনীপুর জেলার মহিষাদল থানার ঘাগরা গ্রামের বাসিন্দা প্রবীন স্বাধীনতা সংগ্রামীর ব্যাঙ্ক আকাউন্ট থেকে লক্ষাধিক টাকা উধাও হয়ে গেল। ঘটনাটা জানাজানি হতেই চাঞ্চল্য ছড়িয়েছে। প্রবীন এই স্বাধীনতা সংগ্রামীর নাম রণজিৎ বয়াল। জানা গেছে, এই স্বাধীনতা সংগ্রামীর অজান্তেই দুষ্কৃতীরা মোট আট দফায় তাঁর ব্যাঙ্ক আকাউন্ট থেকে মোট ১ লক্ষ ২৭ হাজার ৫১৫ টাকা তুলে নিয়েছে। স্বাধীনতা সংগ্রামীর পরিবার সূত্রে জানা গেছে, আগামী ১৫ আগষ্ট রণজিৎ বাবুর নাতনির মেয়ের অন্নপ্রাশন আছে। সেই কারণে বুধবার কলকাতায় এক সোনার দোকানে রণজিৎবাবুর পরিবার তাঁর এটিএম কার্ডটি নিয়ে কেনাকাটা করতে যান। সেখানে গিয়ে তাঁর পরিবারের সদস্য কার্ডটি ব্যবহার করার সময় দেখেন তাঁর আকাউন্টে পর্যাপ্ত টাকা নেই। সঙ্গে সঙ্গে তাঁরা রণজিৎবাবুকে ফোন করে ঘটনাটি জানান। তিনি ঘটনাটি শুনে অবাক হয়ে যান। এরপর রাতে তাঁর পরিবারের সদস্যরা কলকাতা থেকে ঘাগরা গ্রামে ফিরে এটিএম কার্ডটি

রণজিৎবাবুকে ফেরৎ দেন। রণজিৎবাবু বৃহস্পতিবার স্টেট ব্যাঙ্কে গিয়ে পাশবইটি আপ টু ডেট করে দেখেন গত ৪ জুলাই থেকে গত ২৭ জুলাই অবধি তাঁর অ্যাকাউন্ট থেকে আট দফায় মোট ১ লক্ষ ২৭ হাজার ৫১৫ টাকা তোলা হয়েছে। তিনি যাননি, তাঁর বাড়ির কোন সদস্যই এই অ্যাকাউন্ট থেকে টাকা না তোলা স্বত্বেও কীভাবে এই টাকা তোলা হল সেই নিয়ে ধন্দে রণজিৎবাবু। অভিযোগ, কীভাবে এই টাকা তোলা হল তা ব্যাঙ্কে জানাতে গেলে ব্যাঙ্ক সহযোগিতা করেনি তাঁকে। তাই বাধ্য হয়েই ৯৩ বছরের বৃদ্ধ রণজিৎবাবু মহিষাদল থানার দ্বারস্থ হন। আরও অভিযোগ, সেখানেও তাঁকে ফিরিয়ে দেওয়া হয় কোনও সহযোগিতা না করেই। ঘটনাটা জানতে পেরে স্থানীয় মানুষেরা থানায় যান। তাঁদের দাবি, রণজিৎবাবু যে স্বাধীনতা সংগ্রামী তা বলার পর থানা সহযোগিতা করে। এই নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন রণজিৎবাবু। তিনি জানান, একজন স্বাধীনতা সংগ্রামীর সঙ্গে পুলিশ ও ব্যাঙ্ক যেভাবে খারাপ ব্যবহার করল তা তিনি আশা করেননি। একরাশ হতাশা নিয়ে এই প্রবীন মানুষটা বলেন, সাধারণ মানুষের ক্ষেত্রে এরা কী করবে।

# খেলাধুলোর মাধ্যমে আত্মিক সম্পর্ক গড়ে তোলা যায় ঃ শুভেন্দু

**নিজস্ব সংবাদদাতা, খেজুরি ঃ** আগে ফুটবল খেল, পরে ধর্ম করবে। স্বামী বিবেকানন্দ বলে গিয়েছেন। আমিও বিশ্বাস করি খেলাধুলার মাধ্যমে নিজেদের মধ্যে আত্মিক সম্পর্ক গড়ে তোলা যায়। যার মাধ্যমে দেশ গঠনের কাজ, দেশের উন্নয়নের কাজ সকলে মিলে করা সম্ভব হয়। বৃহস্পতিবার খেজুরির ফুটবল একাডেমী 'প্রয়াস'-এর প্রথম বর্ষপূর্তি উপলক্ষ্যে অনুষ্ঠানে হাজির থেকে বলেন রাজ্যের পরিবহণ ও পরিবেশ মন্ত্রী শুভেন্দু অধিকারী। এদিন প্রয়াসের ওয়েবসাইটের উদ্বোধন করলেন পরিবহন মন্ত্রী শুভেন্দু অধিকারী। উপস্থিত ছিলেন পূর্ব মেদিনীপুর জেলা পুলিশ সুপার ভি সালেমন নেশাকুমার, ফুটবলার গৌতম সরকার, জেলা সভাধিপতি মমুরিমা মন্ডল, অতিরিক্ত জেলা পুলিশ সুপার ইন্দ্রজিৎ বসু, কাঁথি মহকুমা পুলিশ অফিসার পার্থ ঘোষ, সি আই দেবাশিস রায়, বিধায়ক রণজিৎ মন্ডল, আবেদ খান

প্রমুখ। এই সভায় সভাপতিত্ব করেন পূর্বচড়া যুবগোষ্ঠীর সভাপতি গঙ্গাধর দাস। খেজুরি থানার ওসি শীর্ষেন্দু দাস জানিয়েছেন, প্রয়াসের বর্ষপূর্তি উপলক্ষ্যে প্রীতি ম্যাচের আয়োজন করা হয়। মহামেডান স্পোর্টিং ক্লাবের অনূর্ধ্ব ১৩-এর দল বনাম খেজুরির প্রয়াস-এর অনূর্ধ্ব ১৩ দল অংশগ্রহণ করে। এর পাশাপাশি খেজুরি থেকে নতুন করে অনূর্ধ্ব ২০ বছর বয়সের ছেলেমেয়েদের বাছাই করা হয় পরবর্তী শিবিরের জন্য। উল্লেখ্য, গত একবছরে চারশোর বেশি ছেলেমেয়ে নিয়ে এই শিবির শুরু হয়েছিল। এরমধ্যে থেকে একজন কলকাতার কয়েকটি নামি ক্লাবে খেলার সুযোগ পেয়েছে। এছাড়া কলকাতাসহ রাজ্যের দক্ষ কোচেরা এই প্রশিক্ষণ দিতেন। ফলে খেলোয়াড়দের মান খুব ভালো হওয়ায় পরবর্তীকালে প্রয়াসের মাধ্যমেই প্রস্তুত খেজুরি থেকে আরও ফুটবল খেলোয়াড় গড়ে তুলতে উৎসাহী প্রয়াস। সেজন্যই এলাকার প্রান্তিক ছেলেমেয়েদের বিনামূল্যে এই প্রশিক্ষণ দেওয়া হবে বলে জানান তিনি। পরিবহন মন্ত্রী বলেন, রাজ্যের মুখ্যমন্ত্রীর আসনে বসার পরেই অন্যান্য সকল উন্নয়ন প্রক্রিয়ার সাথে খেলাধুলার চর্চাও গতি এনেছে। তিনি বলেন, আয়োজকেরা জানিয়েছেন, প্রয়াস এ্যাকাডেমিকে চালিয়ে যেতে প্রতি বছর প্রায় পাঁচ লক্ষ টাকা করে খরচ পড়ে।

এই টাকা কোন সমস্যা হবে না বলে তিনি আশ্বস্ত করেন। জানান, কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক থেকে প্রতি বছর ১ লক্ষ টাকা ও কাঁথি কার্ড ব্যাঙ্ক থেকে প্রতি বছর ৫০ হাজার টাকা করে সহায়তা দেওয়া হবে। এর পাশাপাশি স্থানীয় পঞ্চায়েত সমিতি ও পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ থেকেও নানাভাবে সহায়তার ব্যবস্থা করে দেবার আশ্বাস দেন তিনি। জেলা পুলিশ সুপার ভি সালেমন নেশাকুমার বলেন, খেজুরির এই প্রয়াসকে জেলা পুলিশ সবরকম সহায়তা দেওয়া হবে।

# স্কুলে নবীনবরণ উৎসব

**নিজস্ব সংবাদদাতা, নান্দিলা ঃ** পূর্ব মেদিনীপুর জেলার কাঁথি-৩ ব্লকের নান্দিলা জীবনকৃষ্ণ হাই স্কুল বৃহস্পতিবার নবীনবরণ উৎসব হল। এদিন নবীনবরণ উৎসবের সূচনা করেন কাঁথি-৩ ব্লকের বিদায়ী সভাপতি তথা স্কুল পরিচালন কমিটির সভাপতি বিকাশচন্দ্র বেজ। তিনি বলেন, ছাত্রছাত্রীরা হল দেশের ভবিষ্যৎ। ছাত্রছাত্রীদের স্কুলে নিয়মিত আসতে হবে ও ভালোভাবে পড়াশোনা করতে হবে। শিক্ষক-শিক্ষিকাদেরও স্কুলে ছাত্রছাত্রীদের নজরে রাখতে হবে। ছাত্রছাত্রীদের আদর্শ মানুষ হতে হবে। এদিন একাদশ শ্রেণির নবাগত ছাত্রছাত্রীদের বরণ করা হয়। পাশাপাশি নবীনবরণ উৎসব উপলক্ষ্যে স্কুলে সাংস্কৃতিক অনুষ্ঠানও হয়েছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্কুলের প্রধানশিক্ষক শুভময় জানা, সহকারী প্রধান শিক্ষক গৌতম মাইতি, স্কুল পরিচালন কমিটির সহসভাপতি গৌতম মাইতি প্রমুখ। এদিনে অনুষ্ঠানে ওই স্কুলের প্রায় পাঁচ শতাধিক ছাত্রছাত্রী যোগ দেয়।

# তৃণমূল পঞ্চায়েত সদস্যার বাড়িতে হামলা, লুটপাট

**নিজস্ব সংবাদদাতা, গোয়লতোড় ঃ** গোয়ালতোড়ের অমলাশুলিতে তৃণমূলের পঞ্চায়েত সদস্যা চন্দনা দত্তের বাড়িতে ঢুকে হামলা, ভাঙচুর, লুটপাটের অভিযোগ উঠল বিজেপির বিরুদ্ধে। এই ঘটনায় গোয়ালতোড় থানায় অভিযোগ দায়ের করা হয়েছে। বুধবার সন্ধ্যায় অমলাশুলি বাজারে চন্দনা দত্তের স্বামী তিরুপতি দত্ত দেখতে পান বিজেপি কর্মীরা তপন নামে এক তৃণমূল কর্মীকে মারধর করছে। সেই সময় তিনি প্রতিবাদ করেন। রাতেই বিজেপি কর্মীরা চন্দনা দত্তের বাড়িতে চড়াও হয়। ভাঙচুর করে বাড়ি ও আসবাবপত্র। লুঠ করা হয় সোনার গহনা, নগদ ৫০ হাজার টাকা। তৃণমূল করলে গুলি করে মারা হবে বলে হুমকি দিতে দিতে তারা চলে যায়। ঘটনার পর জেলা মহিলা তৃণমূলের সভানেত্রী কাবেরী চ্যাটার্জীর নেতৃত্বে তৃণমূলের প্রতিনিধি দল বৃহস্পতিবার দুপুরে চন্দনা দত্তের বাড়িতে যান। যদিও বিজেপি সব অভিযোগ অস্বীকার করেছে।

# বর্ষা নামতেই আতঙ্কে বেড়াবেড়িয়া গ্রামের মানুষ

**নিজস্ব সংবাদদাতা, চন্দ্রকোণা ঃ** পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোণার বেড়াবেড়িয়া গ্রামের বাসিন্দারা আতঙ্কের প্রহর গুনছেন। কারণ প্রতিবছরের মত এবারের বর্ষা নামতেই একটু একটু করে শিলাবতী নদীর বাঁধ ভেঙে বসতবাড়িকে গ্রাস করে নিচ্ছে। বর্ষার টানা বৃষ্টিতে শিলাবতী নদীর জল অনেকটাই বেড়েছে, এখনও বন্যা পরিস্থিতির সৃষ্টি না হলেও সেই সম্ভাবনা যে কোনও সময়েই দেখা দিতে পারে বলে তাঁদের দাবি। তাই জীবনের ঝুঁকি নিয়ে বিপদজনকভাবেই নিরুপায় হয়ে তাঁদের থাকতে হচ্ছে বলে চন্দ্রকোণা-১ ব্লকের মনোহরপুর পঞ্চায়েতের বেড়াবেড়িয়া গ্রামের বসবাসকারী শতাধিক মানুষের দাবি। বেড়াবেড়িয়া গ্রামের বাসিন্দারা জানিয়েছেন, নদী বাঁধ ধসে অনেকটাই তলিয়ে গেছে। এমন অবস্থা যে, নদী বাড়ির দোরগোড়ায় এসে ঠেকেছে। নিজেরাই কোনও মতে বাঁশের খুঁটি পুঁতে আগলে রাখার চেষ্টা করছেন। স্থানীয় বাসিন্দাদের দাবি, এই সমস্যা দীর্ঘ বছর ধরেই চলে আসছে। প্রতিবছর বন্যায় জলের তোড়ে বাঁধের মাটি আলগা হয়ে ধসে যাচ্ছে এবং নদী চওড়া হচ্ছে। ধসে পড়ে যাচ্ছে বাড়ি। উপায় বা সম্বল না থাকায় অগত্যা এভাবেই ছোট ছোট ছেলে-মেয়েদের নিয়ে দিন কাটাতে হচ্ছে বেড়াবেড়িয়ার শতাধিক মানুষকে। এইসব দুর্গত মানুষরা প্রশাসনের কাছে অন্যত্র বাড়ি তৈরি করে চলে যাওয়ার আবেদন করেও সাড়া মেলেনি বলে অভিযোগ করেছেন গ্রামের মানুষরা। এইসব এলাকায় নদী বাঁধ সংস্কারের কোনও কাজ না হওয়ায় ক্ষোভ জন্মেছে গ্রামবাসীদের মনে। যদিও এলাকার বিধায়ী পঞ্চায়েত প্রধান রোজিনা বেগম তা মানতে নারাজ।

# স্বাস্থ্যদপ্তরের আধিকারিকদের ঘেরাও করে নার্সিং স্টাফদের বিক্ষোভ

**নিজস্ব সংবাদদাতা, মেদিনীপুর ঃ** মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালের নার্সিং স্টাফেদের উপর চলছে মানসিক নির্যাতন। একবছরে অভিযোগে রাজ্য থেকে আগত স্বাস্থ্যদপ্তরের আধিকারিক ন্যাশনাল রুরাল হেলথ মিশনের এএমডি জলি চৌধুরী এবং নার্সিং-এর এক আধিকারিক রেবা সরকারকে ঘেরাও করে বিক্ষোভ দেখালেন মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালের নার্সিং স্টাফরা। উল্লেখ্য, মেদিনীপুর মেডিকেল কলেজ ও হাসপাতালের মাদার এন্ড চাইল্ড হাবের উদ্বোধন হবে আগামী ৯ আগষ্ট। উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাই তার আগে সেই বিল্ডিং পরিদর্শনে আসেন রাজ্যের স্বাস্থ্য দপ্তরের প্রতিনিধি দল। আর সেখানেই অধিকর্তাদের বিক্ষোভের সম্মুখীন হতে হয়। নার্সিং স্টাফদের মূল দাবি, সরকারি নিয়ম অনুযায়ী বছরে ৪২টি ছুটি থাকলেও, সেই ছুটি কমিয়ে ২২টি করা হয়েছে এবং সেই ছুটিও সময় মত বা নিয়ম অনুসারে না পাওয়ায় ক্ষোভ বাড়ছে নার্সিং মহলে। অভিযোগ, নার্সিং স্টাফদের উপর মানসিকভাবে অত্যাচার চালাচ্ছে হাসপাতাল কর্তৃপক্ষ। আধিকারিকরা নার্সদের দাবিটি খতিয়ে দেখে দাবি পূরণের আশ্বাস দিলে তবেই ঘেরাও মুক্ত হন।

# কাঁথিতে নিষিদ্ধ পল্লির মহিলাদের মারধর, গ্রেফতার ২

**নিজস্ব সংবাদদাতা, কাঁথি ঃ** পূর্ব মেদিনীপুর জেলার কাঁথিতে নিষিদ্ধ পল্লির মহিলাদের কাছে টাকা দাবি করা ও টাকা না দেওয়ায় তাঁদের মারধর করার অভিযোগে দুই যুবককে গ্রেফতার করল পুলিশ। বুধবার রাতে কাঁথি থানার পুলিশ অভিযুক্ত যুবক সুকুমার অধিকারী ও সুবজিৎ জানাকে গ্রেপ্তার করে। এদের বৃহস্পতিবার কাঁথি মহকুমা আদালতে হাজির করে পুলিশ। জানা গেছে, বিচারক তাদের জামিন নাকচ করে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দেন। পুলিশ জানিয়েছে, গ্রেফতার হওয়া দুইজনের বাড়ি কাঁথি শহরে হাতাবাড়ি এলাকায়। কাঁথি থানা সূত্রে জানা গেছে, কয়েকদিন ধরে কাঁথির নিষিদ্ধ পল্লিতে কয়েকজন যুবক মহিলাদের মারধর ও শ্লীলতাহানি করছে। শুধু তাই নয় মহিলাদের মোটা অঙ্কের টাকা দাবি করছেন। সেই টাকা দিতে রাজি না হলে নিষিদ্ধ পল্লির মহিলাদের মারধর ও হেনস্থা করছে। ৩১ জুলাই কাঁথি নিষিদ্ধ পল্লির মহিলারা কাঁথি থানার অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ বুধবার রাতে দুইজনকে গ্রেফতার করে।

কাঁথি থানার আই সি সুনয়ন বাসু বলেন, অভিযোগ পেয়ে পুলিশ দুইজনকে গ্রেফতার করে। আই সি আরও বলেন, নিষিদ্ধ পল্লির মহিলারা থানায় এসে কয়েকজন যুবকের বিরুদ্ধে অভিযোগ দায়ের করেন। অভিযোগ পেয়ে পুলিশ তদন্ত শুরু করেছে। নিষিদ্ধ পল্লির মহিলারা থানায় অভিযোগ করে বলেন, কাঁথি শহরের কিছু যুবক এসে তাঁদের কাছে টাকা চায়। সেই টাকা দিতে রাজি না হলে তাঁদের উপর শুরু হত অত্যাচার।

# রামনগরে ডেঙ্গি নিয়ে সচেতনতা সভা

**নিজস্ব সংবাদদাতা, রামনগর ঃ** পূর্ব মেদিনীপুর জেলার রামনগরে বর্ষাকালে মশাবাহিত রোগ বিশেষ করে ডেঙ্গি নিয়ে সচেতনতা সভা অনুষ্ঠিত হয়। বৃহস্পতিবার রামনগর-১ পঞ্চায়েত সমিতি ও ব্লক প্রশাসনের যৌথ উদ্যোগে এই আয়োজন করা হয়। রামনগর-১ বিডিও অনুপম বাগ বলেন, বৃষ্টি চলছে বেশ কয়েকদিন ধরে। তাই জমা জলে মশার লার্ভা যাতে না জন্মায় সেদিকে নজর রাখতে হবে। ব্লক প্রশাসন সূত্রের খবর, প্রতি বছরই বর্ষার পর পুজোর আগে ডেঙ্গিতে আতঙ্ক ছড়ায় রামনগর শহর এলাকায়। তাই এবারে আগেভাগেই ডেঙ্গি নিয়ে সচেতনতা বৃদ্ধির প্রচার করল প্রশাসন। সভায় উপস্থিত ছিলেন রামনগর-১ পঞ্চায়েত সমিতির বিদায়ী সভাপতি নিতাই চরণ সার, ব্লকের জয়েন্ট বিডিও মহীতোষ প্রামাণিক প্রমুখ।

# গাড়ি চালকদের জন্য চক্ষুপরীক্ষা

**নিজস্ব সংবাদদাতা, তমলুক ঃ** বৃহস্পতিবার পূর্ব মেদিনীপুর জেলা ট্রাফিক পুলিশ এবং তমলুক থানার উদ্যোগে তমলুকের হাসপাতাল মোড়ে চক্ষুপরীক্ষা শিবিরের আয়োজন করা হয়। জানা গেছে, এই শিবিরে চক্ষুপরীক্ষা করান বিভিন্ন গাড়ির চালক ও পুলিশ কর্মীরা। ১০০ জনের বেশি গাড়ির চালক ও পুলিশকর্মী এদিনের শিবিরে তাঁদের চক্ষুপরীক্ষা করান।

# দিঘায় আত্মঘাতী অষ্টম শ্রেণির ছাত্রী

**নিজস্ব সংবাদদাতা, দিঘা ঃ** পূর্ব মেদিনীপুর জেলার সৈকত শহর দিঘায় এক অষ্টম শ্রেণির ছাত্রীর অস্বাভাবিক মৃত্যুর ঘটনার জেরে চাঞ্চল্য ছড়িয়েছে। মৃত ছাত্রীর নাম রঞ্জু গিরি (১৪)। স্থানীয় বিদ্যালয়ের অষ্টম শ্রেণির ছাত্রী ছিল রঞ্জু। বৃহস্পতিবার সকালে বাড়ির কড়িকাঠ থেকে তাঁর ঝুলন্ত মৃতদেহটি উদ্ধার হয়েছে। জানা গেছে, মৈত্রাপুরের প্রশান্ত গিরির মেয়ে রঞ্জু। কিন্তু কোন কারণে এই ঘটনা তা জানা নেই পরিবারের। যদিও একটি সূত্রের খবর, প্রেম ঘটিত কারণ রয়েছে এই আত্মহত্যার পিছনে। এই ঘটনায় শোকের ছায়া নেমে এসেছে গোটা এলাকায়।

খবর পেয়ে দিঘা-মোহনা থানার পুলিশ মৃতদেহটি উদ্ধার করে। জানা গেছে, মৃতদেহ ময়নাতদন্তের জন্য কাঁথি মহকুমা হাসপাতালে পাঠিয়েছে পুলিশ। এছাড়াও একটা অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

# মদ্যপ বাইক চালক গ্রেফতার

**নিজস্ব সংবাদদাতা, মারিশদা ঃ** মদ্যপ অবস্থায় মোটর সাইকেল চালানোর অভিযোগে এক মদ্যপ বাইক চালককে গ্রেফতার করল পুলিশ। বুধবার মারিশদা থানার পুলিশ অভিনন্দন দাসকে গ্রেফতারের পর বৃহস্পতিবার ধৃতকে কাঁথি আদালতে তোলা হয়। পুলিশ জানিয়েছে, ধৃতের বাড়ি এগরা থানার নেওয়া গ্রামে। জানা গেছে, বুধবার সন্ধ্যায় মারিশদা কালিনগরের কাছে পুলিশ গাড়ি ও বাইক চেকিং করছিল। এরপর পুলিশ ওই যুবককে আটক করে থানায় নিয়ে আসে। সেই সঙ্গে বাইকটি আটক করে থানায় নিয়ে আসে।

# দিঘায় গৃহবধূকে উদ্ধার করল দিঘা থানার পুলিশ

**নিজস্ব সংবাদদাতা, দিঘা ঃ** স্বামীর সাথে মনোমালিন্যের জেরে শ্বশুরবাড়ি থেকে পালিয়ে আসা এক গৃহবধূকে উদ্ধার করল দিঘা থানার পুলিশ। বৃহস্পতিবার বছর ৩৩-এর এই গৃহবধূকে সৈকত শহরে উদ্দেশ্যহীনভাবে ঘোরাঘুরি করতে দেখে তাঁকে উদ্ধার করে পুলিশ। ঘটনাটিকে ঘিরে চাঞ্চল্য ছড়ায়। জানা গেছে, হাওড়া জেলার শিবপুর এলাকার বাসিন্দা এই গৃহবধূর সাথে তাঁর স্বামীর বিবাদের জেরে গত তিনদিন আগে মহিলা শ্বশুরবাড়ি থেকে পালিয়ে আসেন। আরও জানা গেছে, বাপের বাড়িতে যাবেন বলে বেরিয়ে আসেন এই গৃহবধূ। তারপরে তাঁর খোঁজ না পাওয়ায় লিলুয়া থানায় অভিযোগ করেন শ্বশুরবাড়ির লোকেরা। দিঘা পুলিশ জানিয়েছে, মহিলাকে জিজ্ঞাসাবাদ করে সমস্ত ঘটনা জানার পরেই তাঁর বাপের বাড়িতে যোগাযোগ করা হয়। খবর পেয়ে এই গৃহবধূর বাবা সাধন সাহা দিঘায় এসে তাঁর বিবাহিতা মেয়েকে নিয়ে যান। জানা গেছে, মহিলাটির একটি সাত বছরের কন্যা সন্তান রয়েছে।

# কাঙালীগঞ্জে দুঃসাহসিক চুরি, সোনা, রূপো ও টাকা লুঠ

**নিজস্ব সংবাদদাতা, কোতরালী ঃ** বাড়িতে কোন সদস্য না থাকার সুযোগ নিয়ে মেদিনীপুর কোতয়ালীর আবাসগড়ের কাঙালীগঞ্জ এলাকায় বুধবার রাতে বড়সড় চুরির ঘটনা ঘটে। বৃহস্পতিবার সকালে ঘটনাটি নজরে আসতেই চাঞ্চল্য ছড়ায়। জানা গেছে, বুধবার ওই ঘরের গৃহকর্তা অশোক কুমার মাজি, তার স্ত্রী সুমিতা ও আদিত্য মাজিকে নিয়ে রাত ৯টা নাগাদ ভুবনেশ্বরে চিকিৎসার জন্য রওনা দেন। তাই ঘরে কেউ ছিল না। রাতে নিম্নচাপের জেরে প্রবল বৃষ্টি লেগেছিল। তাই প্রতিবেশীরাও ঘরের দরজা জানালা বন্ধ করে রেখেছিলেন। এর সুযোগ নিয়েই নিশি কুটিম্বের দল এই ঘটনাটা ঘটায়। বৃহস্পতিবার সকালে সুমিতা মাজির বাবা নিতাই গুচ্ছাইত ও সুমিতার ভাই বিশ্বজিৎ গুচ্ছাইত বাড়িটি দেখতে এলে দেখেন যে দরজার তালা ভাঙ্গা। এরপর তারা পাড়ার লোকেদের খবর দেন এবং খবর দেন মেদিনীপুর কোতয়ালী থানায়। পুলিশ আসে ঘটনাস্থলে। বাড়িতে ঢুকে দেখা যায় ৪টি আলমারি, বক্স খাট ভেঙে লুঠ হয়েছে লক্ষাধিক টাকার গহনা ও সরঞ্জাম। প্রায় ৮ ভরির সোনার অলঙ্কার, ৩ কেজি রূপোর কাপ লুঠ করেছে দুষ্কৃতকারীরা। তাছাড়াও আনুমানিক দেড় লক্ষ টাকা নগদও লুঠ হয় বলে অভিযোগ করেন তারা। পুলিশ ঘটনার তদন্ত শুরু করেছে। উল্লেখ্য দিন কয়েক আগে মেদিনীপুর শহর লাগোয়া জামবাগান মাঠ থেকে ৮ জন যুবককে গ্রেপ্তার করেছিল কোতয়ালী থানার পুলিশ। তাদের বিরুদ্ধে অভিযোগ ছিল যে তারা ডাকাতি করার উদ্দেশ্যে জড়ো হয়েছিল। তাদের কাছ থেকে উদ্ধার হয়েছিল ছুরি, ভোজালি, লোহার রড সহ একাধিক অস্ত্র। অভিযোগ, জেলার প্রায় প্রতিটি থানা এলাকায় রোজই ৩-৪টি বাইক চুরি লেগেই ছিল। এবার তার সঙ্গে যোগ হল ডাকাতির মতন ঘটনা।